

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-১ অধিশাখা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৮৩.২০৩.০০০.০৪.০০১.২০১৬(অংশ-২)-১৫৮৯

তারিখঃ ২২ মাঘ ১৪২৪
০৪ ফেব্রুয়ারী ২০১৮

বিষয়ঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সমাপ্ত প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীকে রাজস্বখাতে আত্মীকরণ সম্পর্কিত রীট পিটিশন নং-১৫৪৩৬/২০১২, ১৪০৩/২০০৬ এবং ৭৬৫৭/২০১০ মামলায় মহামান্য আদালতের রায় বাস্তবায়ন সম্পর্কিত।


উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রীট পিটিশন নং-১৫৪৩৬/২০১২ এর পিটিশনার মাসুদা খানম (ডব্লিউ আই ডি অফিসার) এর ৯ম গ্রেডভুক্ত অর্থাৎ প্রথম শ্রেণীর এন্ট্রি পদের সমমর্যাদা/সমপদ শূন্য না থাকায় তাঁকে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নপদ 'প্রধান সহকারী (গ্রেড-১৩)' পদে রাজস্বখাতে আত্মীকরণ/স্থায়ীকরণ করা হলো (কপি সংযুক্ত)।

০২। পিটিশনার ইলেক্ট্রিশিয়ান জনাব মোঃ আসাদুজ্জামান এর সমপদ কিংবা সমমর্যাদাপূর্ণ পদ এবং রীট পিটিশন নং- ১৪০৩/২০০৬ এর পিটিশনাগণের সমপদ/সমমর্যাদাপূর্ণ পদ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত রাজস্বখাতে শূন্য না থাকায় তাঁদেরকে নিম্নপদে কিংবা নতুন পদ সৃজনক্রমে আত্মীকরণের বিষয়টি মাননীয় আপীল বিভাগের রায়ের আলোকে বাস্তবায়নযোগ্য নয়।

০৩। রীট পিটিশন নং- ১৫৪৩৬/২০১২ এর বিষয়ে আইন মন্ত্রণালয়ের মতামতের আলোকে পিটিশন নং- ১৪০৩/২০০৬ এর কোন পিটিশনারের পদমর্যাদার সাথে সামঞ্জস্যপূর্ণ শূন্য পদ অধিদপ্তরের রাজস্বখাতে যদি বহাল থাকে, তবে অন্যান্য যোগ্যতা বিবেচনায় তাদের চাকরি রাজস্বখাতে স্থায়ী করা যায়।

০৪। এমতাবস্থায়, বর্ণিত ৩(তিন)টি রীট পিটিশনের বিষয়ে গৃহীত সিদ্ধান্তসমূহের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


মোঃ খাইরুল ইসলাম
উপ-সচিব
ফোনঃ ৯৫৭৫৫৬২

প্রধান প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কাকরাইল, ঢাকা।

অনুলিপিঃ

১. অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্ম সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।